বেগম মন্নুজান সুফিয়ান
মাননীয় প্রতিমন্ত্রী
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্ভাবনী টিমের সদস্যগণ তাদের সৃজনশীল কাজের সফলতা স্বারক বিশেষ প্রকাশনা "উদ্ভাবন" প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত খুশি হয়েছি।

'গ্লোবাল ভিলেজ' এ তথ্য প্রযুক্তির সৃষ্টিশীলতা আমাদের জন্য মূল্যবান সম্পদ। তথ্য প্রযুক্তিতে উন্নত জাতি আগামীর বিশ্বকে নেতৃত্ব দিবে। এই উপলব্ধি থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য উত্তরসূরী মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ২০০৮ সালে বাংলাদেশ আওয়ামীলীগ এর নির্বাচনী ইশতেহারে ডিজিটাল বাংলাদেশ ও ভিশন-২০২১ এর রূপরেখা প্রকাশ করে জাতিকে এক নতুন বাংলাদেশের স্বপ্ন দেখান। তাঁর রূপরেখার মূল কথাই ছিল তথ্য প্রযুক্তিই হবে সব কর্মকান্ডের মূল হাতিয়ার। আজ তা বাস্তবতা।

আজ সারাদেশে ইউনিয়ন পর্যন্ত ফাইবার অপটিক ক্যাবল স্থাপন, সাড়ে আট হাজার ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন, টিয়ার ফোর ডাটা সেন্টার স্থাপন, ২৬ হাজার পোর্টাল তৈরীকরণ, সরকারি দপ্তরে ই-নথির প্রচলন, দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন, শেখ কামাল ইনকিউবেশন সেন্টার স্থাপন, সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপন, নারীর ক্ষমতায়নে তথ্য আপা-র প্রচলন, ৯৯৯ কিংবা ৩৩৩ সেবার প্রচলন, ই-জিপি, রাজস্ব আহরণে ই-ভ্যাট, ই-টিন, ই-পাসপোর্ট, ই-নামজারী ইত্যাদি এই ডিজিটাল বাংলাদেশেরই ফসল। আজ করোনা মহামারী পরিস্থিতিতে অনলাইন ভিত্তিক শিক্ষা, ব্যবসা বাণিজ্য, কৃষি, স্বাস্থ্য সচল রাখা সম্ভব হয়েছে। ই-ভ্যাট, ই-টিনের মাধ্যমে রাজস্ব আহরণ সম্ভব হয়েছে, ই-ফাইলিং এর মাধ্যমে সরকারি দপ্তরের সমস্ত কাজ সম্পাদন করা যাচ্ছে।

ডিজিটাল বাংলাদেশ এর রূপকার মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব আহমেদ ওয়াজেদ এর দেখানো পথে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় অধিকাংশ সেবা ডিজিটাল সেবায় রূপান্তর করেছে। মন্ত্রণালয়ের সকল কার্যক্রম অটোমেশন করা হয়েছে, ই-ফাইলিং এর মাধ্যমে অনেক গুরুত্বপূর্ণ ফাইলের নিস্পত্তি করা হচ্ছে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে কল-কারখানার লাইসেন্স প্রদান কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হচ্ছে। LIMA নামক Apps-এর মাধ্যমে কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন করা হচ্ছে, শ্রমিকদের সুবিধার্থে টোল ফ্রি হটলাইন নম্বর ১৬৩৫৭ চালু করা হয়েছে। শ্রম অধিদপ্তরে Writ Management System, Inventory and Requisition Management System, Online Trade Union Registration System চালু করা হয়েছে। এর ধারাবাহিকতায় জনগণ তাদের দোরগোড়ায় কম সময়ে, স্বল্প খরচে এবং কম যাতায়াত করেই সন্তুষ্টি সহকারে সেবা পাচ্ছেন।

ডিজিটাল বাংলাদেশের সুবিধাকে কাজে লাগিয়ে নতুন নতুন উদ্ভাবনীর মাধ্যমে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা ও জননেত্রী শেখ হাসিনার রূপকল্প-২০৪১ বাস্তবায়নে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

পরিশেষে মন্ত্রণালয়ের উদ্ভাবনী টিমের বিশেষ প্রকাশনা "উদ্ভাবন" প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

(বেগম মন্নুজান সুফিয়ান, এম.পি)
প্রতিমন্ত্রী

কে, এম, আব্দুস সালাম
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন নিশ্চিতকরণে উদ্ভাবনচর্চার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারি সেবা প্রক্রিয়াকে সহজলভ্য ও জনবান্ধব করার মাধ্যমে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকার আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ উদ্ভাবনচর্চার মাধ্যমে সহজেই সেবাপ্রত্যাশীদের কাঙ্ক্ষিত সেবা পৌঁছে দেওয়া এবং তথ্যপ্রযুক্তিনির্ভর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ কার্যক্রম ২০২১ সালের মধ্যে বাস্তবায়ন করছে। ইতোমধ্যে মন্ত্রণালয়ের কাজ সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে ইতিবাচক পরিবর্তন আনা সম্ভব হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ জয়ের নির্দেশনায় বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাত দ্রুত বৈপ্লবিক পরিবর্তন সাধিত হচ্ছে। ইতোমধ্যে মহাকাশে বাংলাদেশের প্রথম কৃত্রিম স্যাটেলাইট বঙ্গবন্ধু-১ প্রেরণ বাংলাদেশকে নিয়ে গেছে অনন্য উচ্চতায়। বাংলাদেশ প্রযুক্তিবিশ্বে অর্জন করেছে সম্মানজনক স্থান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার মাধ্যমে একটি উন্নত বিজ্ঞানমনস্ক ও তথ্যসমৃদ্ধ বাংলাদেশ নির্মাণ করার পদক্ষেপ গ্রহণ করেছে। সরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মসংস্কৃতি যুগোপযোগীকরণ, সেবা দান প্রক্রিয়া সহজিকরণে এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে নাগরিকসেবায় উদ্ভাবনচর্চাকে অন্যতম প্রধান কৌশল হিসেবে গ্রহণ করা হয়েছে। জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে এ মন্ত্রণালয়ে বিভিন্ন ধরনের তথ্য ও সেবা ডিজিটালাইজেশনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সবার জন্য বছরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বছর আমরা সকলেই উদযাপন করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। জাতির পিতার আদর্শে উজ্জীবিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে আমরা তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়তে অঙ্গীকারবদ্ধ।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার উদ্ভাবনী কার্যক্রম নিয়ে এ প্রকাশনার সার্বিক ব্যবস্থাপনার সঙ্গে জড়িত সকলকে আমি আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি।

(কে, এম, আব্দুস সালাম)

সাকিউন নাহার বেগম এনডিসি
অতিরিক্ত সচিব ও
চীফ ইনোভেশন অফিসার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ণ। বাংলাদেশে সরকারি প্রতিষ্ঠানে নাগরিক সেবায় উদ্ভাবনের ধারণাটি ২০১৪ সালে গ্রহণ করা হয়। পাবলিক সেক্টরে উদ্ভাবন(Innovation) বা নতুন প্রবর্তন বলতে সেবার মানোন্নয়ন নিশ্চিতকল্পে আরও দক্ষতার সাথে কাজ করাকে বুঝানো হয়েছে। যার ফলে নাগরিকদের বিড়ম্বনা ও ব্যয় কমিয়ে তুলনামূলকভাবে কম সময়ে একটি সেবা প্রদান নিশ্চিত করা সম্ভব হয়, কোন কাজে ঝুঁকি থাকা সত্ত্বেও কোন সমস্যার গতানুগতিক বা রুটিন সমাধানের পরিবর্তে বিকল্প বা নতুন সমাধান বের করা, যা জনগণের কাছে অধিকতর গ্রহণযোগ্য হবে এবং যার মাধ্যমে- পদ্ধতিগত জটিলতা কমবে; সেবার মানোন্নয়ন ঘটবে; কর্মকর্তা বা কর্মচারীদের সম্পৃক্ততা বাড়বে এবং জনগণের জন্য তা অধিক ফলপ্রসূ হবে।

পৃথিবীর অনেক দেশেই সরকারি সেবা প্রক্রিয়াকে সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রম বিকাশের উদ্দেশ্যে বিভিন্ন পর্যায়ে ইনোভেশন টিম গঠন করা হয়েছে। উদ্ভাবন উদ্যোগ গ্রহণ ও উদ্যোগ গ্রহণের সুযোগ সৃষ্টি, দক্ষতা উন্নয়ন এবং প্রয়োজনীয় নীতি-পদ্ধতি প্রণয়নে ইনোভেশন টিমসমূহ উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। বাংলাদেশের জনপ্রশাসনে উদ্ভাবন-চর্চার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদানের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা এবং জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে 'ইনোভেশন টিম 'গঠনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৩ সালে একটি প্রজ্ঞাপন জারি করে। এ পরিপ্রেক্ষিতে বিভিন্ন পর্যায়ে প্রায় সহস্রাধিক ইনোভেশন টিম গঠিত হয়েছে। দপ্তসরমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনায়নের লক্ষ্যে বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংশ্লিষ্ট দপ্তরের ইনোভেশন টিমের অন্যতম দায়িত্ব।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর ইনোভেশন টিম এ মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহ হতে প্রদত্ত সকল সেবা প্রদান প্রক্রিয়াকে সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। উক্ত কার্যক্রমের আওতায় অনলাইন রিকুইজিশন এন্ড ইনভেনটরি ম্যানেজমেন্ট সিস্টেম, রীট মামলা মনিটরিং সিস্টেম , পার্সোনাল ইনফরমেশন সিস্টেম, সরকারি আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা, টাস্ক ম্যানেজমেন্ট সিস্টেম, শ্রম পরিদর্শন মোবাইল অ্যাপ(LIMA), রেডিমেড গার্মেন্টস সেক্টরের ডাটাবেইজ, অনলাইন ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন, পাবলিকলি এক্সেসিবল ডাটাবেইজ সহ বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করা হয়েছে। এই প্রতিবেদনে এ মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহে পরিচালিত সকল উদ্ভাবনী কার্যক্রম এবং ডিজিটাল কার্যক্রমের তথ্য তুলে ধরা হয়েছে।

এ প্রতিবেদন প্রকাশনায় যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত ছিলেন তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

(সাকিউন নাহার বেগম এনডিসি)

সূচিপত্র

ক্রমিক	বিষয়		পাতা
১	ভূমিকা		২
২	উদ্ভাবন ধারণাসমূহের তথ্য		৩ - ১৬
	২.১	ইনভেন্টোরি এন্ড রিকুইজিশন ম্যানেজমেন্ট সিস্টেম	৩
	২.২	পার্সোনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম	৪
	২.৩	অনলাইন বেইজড টাস্ক ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং সিস্টেম	৫
	২.৪	রিট মামলার ডাটাবেজ ও মনিটরিং সিস্টেম	৬
	২.৫	অনলাইন ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন সিস্টেম	৭
	২.৬	শ্রম বাতায়ন	৮
	২.৭	এবিসি-এওয়ারেন্স বিল্ড আপ ক্যাম্পেইন	৯
	২.৮	শ্রমিক ও মালিকের পক্ষে অসৎ শ্রম আচরন ও ইউনিয়ন রেজিস্ট্রেশন সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও প্রতিকার	১০
	২.৯	পাবলিকলি এক্সেসিবল ডাটাবেইজ	১১
	২.১০	শিউর ক্যাশের মাধ্যমে শ্রমিকদের আর্থিক সহায়তা প্রদাণ	১২
	২.১১	অনলাইন লাইসেন্সিং	১৩
	২.১২	লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট আপ্লিকেশন (লিমা)	১৪ - ১৫
	২.১৩	জরুরি হেল্প লাইন সেবা (১৬৩৫৭)	১৬
৩	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্ভাবনী টিম		১৭
৪	২০২০-২০২১ বছরে বাস্তবায়নাধীন কার্যক্রমের তালিকা		১৮
৫	ফটোগ্যালারি		১৯ - ২৬

ভূমিকা

সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ণ। পৃথিবীর অনেক দেশেই সরকারি সেবা প্রক্রিয়াকে সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রম বিকাশের উদ্দেশ্যে বিভিন্ন পর্যায়ে ইনোভেশন টিম গঠন করা হয়েছে। উদ্ভাবন উদ্যোগ গ্রহণ ও উদ্যোগ গ্রহণের সুযোগ সৃষ্টি, দক্ষতা উন্নয়ন এবং প্রয়োজনীয় নীতি-পদ্ধতি প্রণয়নে ইনোভেশন টিমসমূহ উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

বাংলাদেশের জনপ্রশাসনে উদ্ভাবন-চর্চার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদানের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা এবং জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে 'ইনোভেশন টিম ' গঠনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৩ সালে একটি প্রজ্ঞাপন জারি করে। এ পরিপ্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন প্রতিটি অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহে ইনোভেশন টিম গঠণ করা হয়েছে। মন্ত্রণালয়ে এবং আওতাধীন দপ্তসরমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন করা হয়েছে। এ কর্মপরিকল্পনার অংশ হিসাবে এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসমূহের ইনোভেশন টিম বিগত বছর সমূহে বিভিন্ন উদ্ভাবনী ধারণাকে পরীক্ষানিরীক্ষা করে সেবা সহজীকরন করেছে। এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসমূহের ইনোভেশন টিম কর্তৃক গৃহীত বিভিন্ন ইনোভেটিভ কার্যক্রমের তথ্য সবার নিকট তুলে ধরাই এ প্রতিবেদনের উদ্দেশ্য।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

উদ্ভাবনী ধারণার নামঃ Inventory & Requisition Management System

বিদ্যামান সিস্টেমে অসুবিধা ঃ

- বিদ্যমান সিস্টেমে মন্ত্রণালয়ের স্টোরে কি পরিমাণ মালামাল মজুদ আছে সে সম্পর্কে জানা সময় সাপেক্ষ ব্যাপার।
- মালামালের হিসাব রাখা দুরূহ হয়ে পরে।
- মন্ত্রনালয়ের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয় সংক্রান্ত তথ্য দ্রুত জানা সম্ভব হয় না।
- বিদ্যমান সিস্টেমে স্বচ্ছতা ও জবাবদিহীতা সম্পূর্ণভাবে নিশ্চিত করা সম্ভব নয়।
- প্রাধিকার অনুযায়ী মালামাল প্রদান নিশ্চিত করা কষ্টসাধ্য ব্যাপার।
- পূর্বের তথ্য পাওয়া সময়সাপেক্ষ ব্যাপার।

PROCESS FLOW

অনলাইনের মাধ্যমে Requestion প্রদান।

↓

চাহিদা ও প্রাপ্যতা অনুযায়ী সেবা শাখার কর্মকর্তা কর্তৃক Requestion Approval

↓

সেবা শাখা হতে Approved Requestion অনুযায়ী পণ্য সরবরাহ করা হয়।

নতুন সিস্টেমে সুবিধা ঃ

- সফ্টওয়্যারটি ব্যবহারের ফলে মন্ত্রণালয়ের স্টোরে কি পরিমাণ মালামাল মজুদ আছে সে সম্পর্কে তাৎক্ষণিকভাবে জানা যাবে।
- কি পরিমাণ মালামাল কোন শাখা /অধিশাখায় সরবরাহ করা হয়েছে তা জানা যাবে।
- কোন কর্মকর্তা/কর্মচারী মাসে কি পরিমাণ মালামাল ব্যবহার করছেন তা জানা যাবে।
- সকল প্রকার ক্রয় সংক্রান্ত তথ্য তাৎক্ষণিকভাবে জানা যাবে।
- সর্বোপরি স্টোর ম্যানেজমেন্টের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করা যাবে।
- প্রাধিকার অনুযায়ী মালামাল প্রদান নিশ্চিত করা সম্ভব হবে।





টিসিভি (TCV)

সময়	৭৫-৮০% হ্রাস
খরচ	৯০-৯৫% হ্রাস
ভিজিট	৬৫-৭০% হ্রাস



শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

উদ্ভাবনী ধারণার নামঃ Personal Information Management System

বিদ্যমান পদ্ধতি অসুবিধাঃ

- মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরি সংক্রান্ত তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হয় না।
- মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীরা কত দিন যাবৎ কোন শাখা/অফিসে কর্মরত আছেন তার তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হয় না।
- মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার কর্মকর্তা/কর্মচারীরা কতবার দেশে/বিদেশে কত দিনের জন্য প্রশিক্ষণ গ্রহণ করেছেন তার তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হয় না।
- মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের যাবতীয় ছুটি, পদোন্নতি ও শৃঙ্খলাজনিত তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হয় না।
- পূর্ববর্তী যেকোন তথ্য পাওয়া সময়সাপেক্ষ ব্যাপার।

নতুন পদ্ধতি সুবিধাঃ

- মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরি সংক্রান্ত তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হবে।
- মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীরা কত দিন যাবৎ কোন শাখা/অফিসে কর্মরত আছেন তার তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হবে।
- মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার কর্মকর্তা/কর্মচারীরা কতবার দেশে/বিদেশে কত দিনের জন্য প্রশিক্ষণ গ্রহণ করেছেন তার তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হবে।
- মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের যাবতীয় ছুটি, পদোন্নতি ও শৃঙ্খলাজনিত তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হবে।
- অনলাইন বেইজড হওয়ায় যে কোন তথ্য যেকোন স্থান হতে দ্রুত সময়ে পাওয়া যাবে।







শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

উদ্ভাবনী ধারণার নামঃ অনলাইন বেইজড টাস্ক ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং সিস্টেম

বিদ্যমান পদ্ধতিঃ

- দৈনিক কর্মসূচীতে কাজসমূহ অন্তভুক্ত করা হয়।
- আপডেট করার পর দৈনিক কর্মসূচি বার বার প্রিন্ট করতে হয়।
- প্রতিবার প্রিন্ট করার পর সংশ্লিষ্ট কর্মকর্তার ডেস্কে তা পরিবর্তন করতে হয়।
- স্থগিত হয়ে যাওয়া কাজসমূহ খুঁজে পেতে কষ্ট হয়।
- পূর্বের যেকোন সূচি বা ভবিষ্যতের যেকোন নির্ধারিত সূচি সহজে পাওয়া যায় না।
- বিভিন্ন কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন
- অগ্রগতি জানার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করে সংগ্রহ করতে হবে, যা সময়সাপেক্ষ ব্যাপার।
- আইন, নীতিমালা সহ ব্যক্তিগত ডকুমেন্টসমূহ বিভিন্ন উৎস থেকে খুজে বের করতে হয়।
- কোন কাজে সংশ্লিষ্ট কর্মকর্তা কোন প্রতিবন্ধকতার সম্মুখীন হলে তা উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানো সময়-সাপেক্ষ ব্যাপার।
- যেকোন সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন সময়সাপেক্ষ ব্যাপার।

নতুন পদ্ধতি

- দৈনন্দিন কাজসমূহের তথ্য সফটওয়্যারে এন্ট্রি করতে হয়।
- যে কোন স্থান থেকে যেকোন সময় অনলাইনে সরাসরি ক্লিক করে দেখতে পারা যায়।
- বার বার প্রিন্ট দেওয়ার প্রয়োজন হয় না।
- যেকোন কাজ স্থগিত হলে ভিন্ন কালারের মাধ্যমে প্রদর্শন করা হয়।
- ক্যালেন্ডারের মধ্যে সম্পূর্ণ মাসের প্রোগ্রাম একসাথে দেখা যায়।
- গুরুত্বপূর্ণ কাজ সমূহ সহজে বন্টন ও মনিটরিং করা যায়।
- যেকোন আপডেট উর্দ্ধতন কর্তৃপক্ষ সাথে সাথে দেখতে পারেন।
- কালার নোটিফিকেশন এর মাধ্যমে সকল কাজের বর্তমান অবস্থা এক সাথে মনিটরিং করা যায়।
- কর্মকর্তাদের উপর অর্পিত কাজের মূল্যায়ন করা যায়।
- গুরুত্বপূর্ণ ডকুমেন্টসমূহ আপলোড করে রাখা যায় যা যে কোন স্থান থেকে যেকোন সময় অনলাইনের মাধ্যমে পাওয়া যায়।
- কোন কর্মকর্তাকে কোন কাজ দেওয়া হলে, তাৎক্ষণিকভাবে ইমেইল এর মাধ্যমে অবহিত করা হয়।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

উদ্ভাবনী ধারণার নামঃ রিট মামলার ডাটাবেজ ও মনিটরিং সিস্টেম

বিদ্যমান পদ্ধতিঃ

বর্তমানে প্রতিটি মামলার তথ্য সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ করা হয়।

প্রতিটি দপ্তরে এক বা একাধিক জনবল মামলার তথ্য সংরক্ষণ কাজে নিয়োজিত থাকেন।

উর্ধ্বতন দপ্তরের চাহিদা মোতাবেক সকল মামলার তথ্য খুজে রিপোর্ট তৈরি করে সরবরাহ করা হয়।

মামলার বিষয়ে মন্ত্রণালয়ে কোন নির্দেশনা আসলে তা ধাপে ধাপে দপ্তরে পৌছায়।

মামলার সর্বশেষ অগ্রগতি জানা বেশ দুরূহ।

টিসিভি (TCV)

সময়	৯০-৯৫% হ্রাস
খরচ	৯০-৯৫% হ্রাস
ভিজিট	৭৫-৮০% হ্রাস

সকল মামলার তথ্য সফটওয়্যারে এন্ট্রি

চাহিদা মোতাবেক তথ্য প্রাপ্তি

নতুন পদ্ধতিঃ

প্রতিটি মামলার তথ্য সেন্ট্রাল সার্ভারে সংরক্ষণ করা হয়।

প্রতিটি দপ্তরে একজন মামলার তথ্য সফ্টওয়্যারে এন্ট্রি প্রদান করে।

যেকোন দপ্তর মুহূর্তেই তাদের চাহিদা মাফিক তথ্য খুজে পেতে পারে।

মুহূর্তেই যেকোন মামলার সর্বশেষ হালনাগাদ তথ্য খুজে পাওয়া যায়।

বিদ্যমান এবং নতুন পদ্ধতির তুলনাঃ

বিদ্যমান পদ্ধতি	নতুন পদ্ধতি
মামলার তথ্য সংরক্ষণের জন্য প্রচুর পরিমাণে কাগজের প্রয়োজন হয়।	মামলার তথ্য সেন্ট্রাল সার্ভারে সংরক্ষণ করা হয়।
মামলার তথ্য ব্যবস্থাপনার সাথে একাধিক জনবল সম্পৃক্ত থাকে।	মামলার তথ্য ব্যবস্থাপনার সাথে কম জনবল সম্পৃক্ত থাকে।
যেকোন তথ্য খোঁজা সময় সাপেক্ষ এবং কষ্টসাধ্য।	মুহূর্তেই মামলা সম্পর্কিত তথ্য পাওয়া যায়।
মামলার সর্বশেষ অগ্রগতি জানা বেশ দুরূহ।	চাওয়া মাত্রই মামলার সর্বশেষ অগ্রগতি জানা যায়

শ্রম অধিদপ্তর

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে শ্রম অধিদপ্তরের উদ্ভাবন 'অনলাইন ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন সিস্টেম'

ম্যানুয়েলি সেবা প্রদানে সে সকল সমস্যা হয়ঃ

- সময়, খরচ ও ভ্রমন বেশি লাগে।
- অপেক্ষাকৃত কঠিন।
- স্বচ্ছতা ও জবাবদিহিতা কম।
- তদবির করার সুযোগ থাকে।



ইউনিয়ন রেজিস্ট্রেশনের আবেদন

- ট্রেড ইউনিয়ন
- ট্রেড ইউনিয়ন ফেডারেশন
- ট্রেড ইউনিয়ন কনফেডারেশন

নিবন্ধিত ইউনিয়নের তালিকা

- ট্রেড ইউনিয়ন
- ট্রেড ইউনিয়ন ফেডারেশন
- ট্রেড ইউনিয়ন কনফেডারেশন



নিবন্ধন আবেদন ও অভিযোগের অবস্থা জানা যাবে ট্র্যাকিং নম্বরের মাধ্যমে

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

এসএমএস (SMS) নোটিফিকেশনের মাধ্যমে আবেদন প্রাপ্তি, আবেদনের অবস্থান, নিবন্ধন প্রাপ্তির তথ্য জানিয়ে দেওয়া ও চালানের টাকা অনলাইনে জমা দেওয়ার ব্যবস্থা করা।

অনলাইন ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন বাঁচাবে সময়, ভ্রমন ও খরচ

শ্রম অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সারাদেশে ৩২টি শ্রম কল্যাণকেন্দ্রের মাধ্যমে শ্রমিকদের বিনামূল্যে স্বাস্থ্যসেবাসহ কল্যাণমূলক অন্যান্য সেবা দিবে 'শ্রম বাতায়ন' নামক মোবাইল অ্যাপস

শ্রম বাতায়ন

- শ্রমিকের স্বাস্থ্যকথা
- শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ
- চিত্ত বিনোদন সেবা
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ
- জনসংখ্যা নিয়ন্ত্রণ
- অভিযোগ ও প্রতিকার





অ্যাপটি যেভাবে কাজ করেঃ

এনড্রয়েড অপারেটিং সিস্টেম চালিত মোবাইলের জন্য গুগোল প্লে স্টোরে গিয়ে শ্রম বাতায়ন লেখে সার্চ করলে অ্যাপটি পাওয়া যাবে। তারপর সিলেক্ট করে ডাউনলোড অপশন ক্লিক করে মোবাইলে ডাউনলোড করে নিতে হবে। ডাউনলোড হওয়ার পর ইন্সটল বাটনটি ক্লিক করে মোবাইলে অ্যাপটি ইন্সটল করে নিলে এটি সচল হয়ে যাবে।

সেবাসমূহঃ

নিকটবর্তি শ্রমকল্যাণ কেন্দ্রের অবস্থান জানা যাবে। শ্রকল্যাণ কেন্দ্রগুলোর ঠিকানা ও ডাক্তারের পরিচয় ও নম্বর জানা যাবে।

ডাক্তারের মোবাইলে ফোন করে সরাসরি স্বাস্থ্য, পরিবার কল্যান ও অন্যান্য সেবাসমূহ সরাসরি গ্রহণ করা যাবে।

শ্রম অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৩২টি শ্রম কল্যাণকেন্দ্রের মাধ্যমে শিল্প কারখানায় স্বাস্থ্যসেবা, প্রশিক্ষণ সেবা, পরিবার পরিকল্পনা সেবা ও বিনোদন সেবা সহজীকরণ এবং এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম (ABC - Awarness Buildup Campaign)"

সারাদেশে বিদ্যমান ৩২টি শ্রমকল্যাণ কেন্দ্রের মাধ্যমে সেবা প্রদান

ডাটাবেইজ তৈরি করা

- শ্রম কল্যাণ কেন্দ্রের পাঁচ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে অবস্থিত শিল্প কারখানার নির্ধারিত 'তথ্য ছকের' মাধ্যমে ডাটাবেইজ তৈরি করা।

সেবাকেন্দ্র পরিচালনা

- শিল্প কারখানায় উপস্থিত হয়ে স্বাস্থ্যসেবা, প্রশিক্ষণ সেবা, পরিবার পরিকল্পনা সেবা ও বিনোদন সেবা এবং সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে 'সেবাকেন্দ্র' পরিচালনা।

প্রতিবেদন ও পরবর্তী কৌশল নির্ধারণ

- পাইলটিং প্রতিবেদন প্রণয়ন ও কর্তৃপক্ষের নিকট জমাদান শেষে লব্ধ অভিজ্ঞতা ও কর্তৃপক্ষের মতামতের আলোকে কৌশল নির্ধারণ ও রেপ্লিশন।

ফলাফল:
* অধিক সংখ্যক শ্রমিক সুবিধা ভোগীর আওতায় আসবে এবং
* শ্রম কল্যান কেন্দ্রের সেবাসমূহ শ্রমিকদের দোরগোড়ায় পৌঁছবে।

বাঁচাবে সময়, ভ্রমন ও খরচ

শ্রম অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শ্রমিক ও মালিকের পক্ষে অসৎ শ্রম আচরণ ও ইউনিয়ন রেজিস্ট্রেশন সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও প্রতিকার

অভিযোগ দাখিল

- অসৎ শ্রম আচরণ
  - মালিকের পক্ষে অসৎ শ্রম আচরণ
  - শ্রমিকের পক্ষে অসৎ শ্রম আচরণ
- ইউনিয়ন সংশ্লিষ্টতার কারণে বৈষম্য
- ইউনিয়ন রেজিস্ট্রেশন
  - রেজিস্ট্রেশনের কারণে
  - রেজিস্ট্রেশন না করার কারণে
- অন্যান্য

স্ট্যাটাস

- ইউনিয়ন রেজিস্ট্রেশন স্ট্যাটাস
- অভিযোগ সংক্রান্ত স্ট্যাটাস

নিশ্চিত করবে স্বচ্ছতা ও জবাবদিহিতা

অভিযোগের সর্বশেষ অবস্থা জানা যাবে ট্র্যাকিং নম্বরের মাধ্যমে

শ্রম অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সেবা গ্রহীতাদের তথ্যসেবা প্রাপ্তি সহজীকরণে শ্রম অধিদপ্তরের উদ্ভাবন 'Publicty Accessible Database'





পাওয়া যাবে ট্রেড ইউনিয়ন নিবন্ধন, সিবিএ, সালিশী ও অংশগ্রহণকারী কমিটি ও শ্রম অধিদপ্তর প্রদত্ত অন্যান্য গুরুত্বপূর্ণ সেবার তথ্যাবলী

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

রূপালী ব্যাংক শিওরক্যাশ-এর মাধ্যমে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের আর্থিক সহায়তা অল্প সময়ে বিনা খরচে প্রকৃত শ্রমিকের হাতে পৌছে দেওয়া

আর্থিক সহায়তা প্রদানে পূর্বের সমস্যা

- ব্যাংকে একাউন্ট খোলা
- ব্যায়বহুল
- সময় সাপেক্ষ
- যোগাযোগের সমস্যা
- প্রকৃত আবেদনকারীকে চিহ্নিত করতে না পারা

আর্থিক সহায়তা প্রদানে বর্তমান সমাধান

- রূপালী ব্যাংক শিওরক্যাশ-এর-স্ব-উদ্যোগে মোবাইল ব্যাংক হিসাব খোলা
- খরচ বিহীন
- স্বল্প সময়ে শ্রমিকের মোবাইলে টাকা প্রদান
- নিকটস্থ এজেন্ট পয়েন্ট থেকে টাকা উত্তোলন



শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

রূপালী ব্যাংক শিওরক্যাশ

টাকা দেই ফোনে ফোনে

Department of Inspection for Factories and Establishments
Ministry of Labour and Employment

Online Licencing

Manual licencing process

1. Owner/Representative come to office
2. Collect application form
3. Go back and fill up the application form
4. Attach necessary documents
5. Go to banks for licence fee (Chalan) submission
6. Again come to DIFE office and submit the application
7. Application receive, noting documents and application verification
8. Assign inspector to visit
9. Visit report submission
10. Licence approval from DIG
11. Delivery to the owner

Online licencing process

1. Owner / Representative visit DIFE/LIMA website and Submit application with necessary documents and fees
2. Concern office/DIG
3. Assign inspector to give reports / Visit
4. Report submission to DIG
5. Approval of licence
6. Delivery





Outcome

- Easy process
- Time saving
- Cost effective
- Hassle free
- Transparency ensured
- Accountability ensured

Future plan

- Soft copy of licence
- User friendly licencing process
- Licence fee taking through Mobile banking

Department of Inspection for Factories and Establishments
Ministry of Labour and Employment

Labour Inspection Management Application (LIMA)

Before LIMA Introduction

After LIMA Introduction

Outcome

Better Service Delivery

- Accountabiliy
- Transparency
- Credibility

Modules

Inspection process (Planning)



Inspection process (Inspection)



Department of Inspection for Factories and Establishments
Ministry of Labour and Employment

Labour Inspection Management Application (LIMA)







Future Plan

- Complete Database of All Factories and Establishments
- Database of Accidents and Diseases
- Better complain Management
- Software upgradation
- Capacity upgradation
- Recruit IT Specialist

Problems

- Internet
- Technical Knowledge of Inspectors
- Logistics Support

Department of Inspection for Factories and Establishments
Ministry of Labour and Employment

Helpline (16357)

Before introducing helpline

- Complaint: Written (By Mail)
- Complaint: Written (Directly at Office)
- No timeline
- Lack of Transparency
- Lack of Accountability
- Cost

After introducing helpline

- Toll free
- Time saving
- Rapid Solution
- No cost
- Tracking system
- Anonymous complaint
- 24/7 service

Outcome

- Rapid disposal of Complaint
- Increasing number of Complaint
- Increasing number of Disposal

Year	Received Complaint	Settled Complaint	Comments
March, 2015-June, 2016	1145	1145	No Unsettled Complaint
July, 2016-June, 2017	774	774	No Unsettled Complaint
July, 2017-June, 2018	620	620	No Unsettled Complaint
July, 2018-March, 2019	696	671	25 Unsettled Complaint in Progress
Total	3235	3210	

Problem

- Running Contractual Basis

Future Plan

- Complaint Management Cell
- Own Customer Care
- 3 digit helpline numnber

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্ভাবনী টিম

চীফ ইনোভেশন অফিসার
সাকিউন নাহার বেগম এনডিসি
অতিরিক্ত সচিব
প্রশাসন অনুবিভাগ

সদস্য
জনাব মোঃ আজিমুদ্দিন বিশ্বাস
যুগ্মসচিব
প্রশাসন অধিশাখা

সদস্য
সৈয়দ আলী আহসান
উপসচিব
পরিকল্পনা অধিশাখা

সদস্য
সুকান্ত বসাক
সিস্টেম এনালিস্ট
আইসিটি সেল

সদস্য
মো: মামুন খন্দকার
পদবিঃ সচিবের একান্ত সচিব
অফিসঃ সচিবের দপ্তর

সদস্য সচিব
মোঃ আরিফুল ইসলাম
প্রোগ্রামার
আইসিটি সেল

সদস্য
এ.এস.এম. মেহরাব হোসেন
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
আইসিটি সেল

২০২০-২০২১ বছরে বাস্তবায়নাধীন কার্যক্রমের তালিকা

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	
ক) উদ্ভাবনী আইডিয়াঃ	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল অফিসের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম অনলাইনের মাধ্যমে মনিটরিং ও বাস্তবায়ন নিশ্চিতকরণ।
খ) সেবাসহজীকরনঃ	বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধনী-২০১৮)-এর বিভিন্ন ধারা হতে শিল্প প্রতিষ্ঠান সমূহকে তাঁদের আবেদন অনুযায়ী অব্যাহতি প্রদান বিষয়ক সেবা সহজীকরণ।
গ) ডিজিটাল সেবাঃ	ইন্টারনেট সংযোগের প্রয়োজনীয় মডেম এবং আনুষাঙ্গিক ব্যয় উত্তোলনের আবেদন ফরম ডিজিটালাইজড করা।
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	
ক) উদ্ভাবনী আইডিয়াঃ	DIFE এক সেবা One Stop Service Mobile Application.
খ) সেবাসহজীকরনঃ	ওয়ান ক্লিক রিপোর্টিং সিস্টেম।
গ) ডিজিটাল সেবাঃ	Online Based Requisition and Inventory Management System.
শ্রম অধিদপ্তর	
ক) সেবাসহজীকরনঃ	ট্রেড ইউনিয়নের গঠনতন্ত্র সংশোধন প্রক্রিয়া সহজীকরন।
খ) ডিজিটাল সেবাঃ	গ্রন্থাগার সেবার আধুনিকায়ন।
কেন্দ্রীয় তহবিল	
ক) উদ্ভাবনী আইডিয়াঃ	শ্রমিকের মৃত্যুজনিত অনুদান প্রাপ্তি ফরম তৈরি।
খ) সেবাসহজীকরনঃ	কেন্দ্রীয় তহবিলে কর্মরত কর্মকর্তা-কর্মচারিদের বেতন প্রদান প্রক্রিয়া সহজিকরন।
গ) ডিজিটাল সেবাঃ	ডিজিটাল হাজিরা চালুকরন।

ফটো গ্যালারি

তৈরী পোষাক শিল্প খাতে সমন্বিত শ্রম-ব্যবস্থাপনা বিষয়ক
আলোচনা সভা
প্রধান অতিথি ও বেগম মন্নুজান সুফিয়ান এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভাপতি ও জাফরোজা খান, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
আয়োজনে: শ্রম ও কর্মসংস্থান মন্ত্র
হেল্পলাইন ১৬৩৫৭

LIMA রিফ্রেশার্স প্রশিক্ষণে বক্তব্য প্রদান করেন প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান

দিনব্যাপী 'উদ্ভাবন ও আইসিটি নীতিমালা-২০১৮' বিষয়ক কর্মশালা-২০২০

শ্রমিকদের জন্য ১৬৩৫৭ হেল্পলাইন উদ্বোধন করেন মাননীয় প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান

দিনব্যাপী 'উদ্ভাবন ও আইসিটি নীতিমালা-২০১৮' বিষয়ক কর্মশালা-২০২০

দিনব্যাপী ‘উদ্ভাবন ও আইসিটি নীতিমালা-২০১৮’ বিষয়ক কর্মশালা-২০২০

দিনব্যাপী ‘উদ্ভাবন ও আইসিটি নীতিমালা-২০১৮’ বিষয়ক কর্মশালা-২০২০

"নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক" ইনোভেশন শোকেসিং-২০১৯

"নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক" ইনোভেশন শোকেসিং-২০১৯

এক দিনব্যাপী নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক কর্মশালা-২০১৯

The University of Malaya Centre of Innovation and Commercialization (UMCIC)-এর একজন উদ্ভাবক তাঁর উদ্ভাবন কার্যক্রম প্রদর্শন করছে -২০১৯

Agensi Inovasi Malaysia (National Innovation Agency Malaysia-AIM) এর
প্রতিনিধিদের সাথে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্যদের নলেজ শেয়ারিং সেশন -২০১৯

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্যদের
Malaysian Global Innovation and Creativity Centre (MAGIC) পরিদর্শন -২০১৯

ই-সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ ২০২১ প্রস্তুতি ও পরিকল্পনা কর্মশালা-২০১৮

সেবা সহজীকরন সংক্রান্ত প্রশিক্ষণ ২০২০